



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৩৭.২২-১৮২৫


তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০  
১৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: পাবনা জেলার সাঁথিয়া পৌরসভার গার্বের্জ ট্রাক চালক আমজাদ হোসেন এর বকেয়া বেতন-ভাতা, ভবিষ্য তহবিল ও আনুতোষিক পরিশোধের আবেদন সংক্রান্ত।

সূত্র : মোঃ শামসুন নাহার মিনি, স্বামীঃ মৃত আমজাদ হোসেন (সাবেক গার্বের্জ ট্রাক চালক, সাঁথিয়া পৌরসভা, পাবনা) এর আবেদন;  
তারিখ: ১৯ নভেম্বর ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে পাবনা জেলার সাঁথিয়া পৌরসভার গার্বের্জ ট্রাক চালক আমজাদ হোসেন চাকুরীরত অবস্থায় গত ২৯ এপ্রিল ২০২১ খ্রি: তারিখে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করায় তাঁর স্ত্রী শামসুন্নাহার মিনি উক্ত কর্মচারীর অনুকূলে প্রাপ্য বকেয়া বেতন-ভাতা, ভবিষ্য তহবিল ও আনুতোষিক বাবদ প্রাপ্য অর্থ প্রদানের জন্য মেয়র, সাঁথিয়া পৌরসভা বরাবর আবেদন করেন। কিন্তু সাঁথিয়া পৌরসভার মেয়র কর্তৃক অদ্যাবদি তাঁর আবেদনটি নিষ্পত্তি না করায় উক্ত কর্মচারীর অনুকূলে বকেয়া বেতন-ভাতা, ভবিষ্য তহবিল ও আনুতোষিক বাবদ প্রাপ্য অর্থ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগে আবেদন করা হয় (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, পাবনা জেলার সাঁথিয়া পৌরসভার গার্বের্জ ট্রাক চালক মরহুম আমজাদ হোসেন-এর অনুকূলে বকেয়া বেতন-ভাতা, ভবিষ্য তহবিল ও আনুতোষিক প্রদান সংক্রান্ত আবেদনটি নিষ্পত্তি করে বিধি মোতাবেক প্রাপ্য সকল পাওনাদি পরিশোধপূর্বক আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৮/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

মেয়র

সাঁথিয়া পৌরসভা, পাবনা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মোঃ শামসুন নাহার মিনি, স্বামীঃ মৃত আমজাদ হোসেন (সাবেক গার্বের্জ ট্রাক চালক, সাঁথিয়া পৌরসভা, পাবনা), চক ছাতিয়ানী, মসজিদ পাড়া, পাবনা সদর, পাবনা